ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
ভান্ডার বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৪৩.০২.০০২.২৩ নথির বিষয়: ১০০ ওয়াট ০৬টি হ্যালোজেন লাইট শেড সরাসরি নগদে ক্রয় করার অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: **১০০ ওয়াট ০৬টি হ্যালোজেন লাইট শেড সরাসরি নগদে ক্রয় করার অনুমোদন প্রসঙ্গে।**

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২/১০/২৩ ৪:৪০ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাগলাস্থ ভান্ডার বিভাগটি ঢাকা ওয়াসার একটি গুরুরত্বপূর্ণ বিভাগ। অত্র বিভাগে বিভিন্ন প্রকল্প/মড্‌স জোন/ রাজস্ব জোনের কোটি কোটি টাকার মালামাল অত্র ভান্ডারে জমা রাখা হয়। ভান্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামাল সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। এছাড়া বিভিন্ন ধরণের পুরাতন মালামাল MRS এর মাধ্যমে ভান্ডারে জমা করা হয়। ভান্ডার বিভাগে পর্যাপ্ত বদ্ধ গুদাম এবং উম্মুক্ত শেড না থাকায় মালামালের প্রকৃতি ভেদে অপেক্ষাকৃত ক্ষুদ্র ও মূল্যবান মালামাল সমূহ গুদামে রাখা হয় এবং অপেক্ষাকৃত বড় ও ভারী মালামাল সমূহ উম্মুক্ত শেড ও খোলা আকাশের নীচে রাখা হয়।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২/১০/২৩ ৪:৪০ অপরাহ্ন

প্রায় ৭হেক্টর এলাকাজুড়ে বিস্তীর্ণ ভান্ডার বিভাগে রক্ষিত মালামাল সমূহের সার্বিক নিরাপত্তার দায়িত্বে প্রতি শিফটে ৩ জন আনসার ও ৪ জন G4S সহ মোট ৭জন হিসেবে ৩ শিফটে ৩×৩=৯ জন আনসার ও ৩×৪=১২ জন G4S সর্বমোট ২১জন নিরাপত্তা কর্মী রয়েছে। এছাড়া নিরাপত্তার স্বার্থে বিস্তীর্ণ ভান্ডার বিভাগ কম্পাউন্ডে Security Light/Street Light স্থাপন করে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হলেও কম্পাউন্ডের পূর্ব পার্শ্বের গোডাউনসহ কিছু এলাকা জুড়ে Security Light/Street Light নষ্ট হয়ে গেছে। ফলে উক্ত স্থানে নিরাপত্তা কর্মীদের রাতে পেট্রোল ডিউটি করতে অসুবিধা হচ্ছে। তাই অভ্যন্তরীন নিরাপত্তার স্বার্থে জরুরী ভিত্তিতে কম্পাউন্ডের পূর্ব পাশের গোডাউনসহ আলোচ্য এলাকায় আলোর ব্যবস্থা করার লক্ষ্যে পুরাতন ভাল্বব পরিবর্তন করে নতুন ১০০ ওয়াটের হ্যালোজেন লাইট স্থাপন করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২/১০/২৩ ৪:৪৭ অপরাহ্ন

উপরোক্ত বর্ণনার আলোকে ১০০ ওয়াট ০৬টি হ্যালোজেন লাইট শেড ক্রয়ের লক্ষ্যে প্রাক্কলন তৈরি করা হলো (সংযুক্তি-২)। পূর্বানুমোদিত (সংযুক্তি-১) দরের ভিত্তিতে প্রণীত প্রাক্কলনে মোট ব্যয়ের পরিমাণ হয়েছে ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র। উক্ত ব্যয় ভান্ডার রক্ষণাবেক্ষণ খাত (কোডঃ০১-০৪-০০৮) হতে নির্বাহ করা যেতে পারে। কাজটি জরুরী ও স্বল্প মূল্যের পণ্য হিসেবে পিপিআর-২০০৮এর বিধি-৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় কার যেতে পারে। উক্ত টাকা আগ্রীম হিসেবে গ্রহণ করা হবে এবং কাজ শেষে ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। ২০২৩-২০২৪অর্থ বছরে ভান্ডার বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় পিপিআর-২০০৮ এর বিধি ৮১(১) অনুসরণে সরাসরি নগদে ক্রয় কাজের জন্য "থোক বরাদ্দ" ধরা আছে (সংযুক্তি-৩,ক্রমিক-৩০)।

সংযুক্তিসমূহ (৩):

১। পূর্বানুমোদিত দরের কপি।.
২। প্রাক্কলন।.
৩। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।.

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২/১০/২৩ ৪:৪৮ অপরাহ্ন

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এর বিধি-৮১(১) অনুযায়ী স্বল্প মূল্যের পণ্য হিসেবে সরাসরি ক্রয়ের লক্ষ্যে ১০০ ওয়াট ০৬টি হ্যালোজেন লাইট শেড সরাসরি নগদে ক্রয়ের জন্য সর্বমোট ২৪,৯০০/- (চব্বিশ হাজার নয়শত) টাকা মাত্র সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ'ল। আলোচ্য কাজটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন।

২/১০/২৩ ৪:৪৮ অপরাহ্ন	২/১০/২৩ ৪:৫১ অপরাহ্ন	৩/১০/২৩ ৭:০২ পূর্বাহ্ন	৩/১০/২৩ ২:৫৯ অপরাহ্ন
হাসান আল ফারুক	বিউটি প্রভা হাওলাদার	মোঃ ছরোয়ার হোসেন খান	মোঃ ইকবাল আহমেদ মজুমদার
উপ-সহকারী প্রকৌশলী	উপ-বিভাগীয় প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)	তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ভান্ডার বিভাগ	ভান্ডার বিভাগ	ভান্ডার বিভাগ	এস এম ডব্লিউ সি সার্কেল

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

~~৩/১০/২৩ ২:৫৯ অপরাহ্ন~~
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৩/১০/২৩ ৯:৫৮ অপরাহ্ন

অনুমোদিত

৩/১০/২৩ ৯:৫৮ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	~~৩/১০/২৩ ৯:৫৮ অপরাহ্ন~~ ~~মোঃ ছরোয়ার হোসেন খান~~ ~~নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)~~ ~~ভান্ডার বিভাগ~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৩/১০/২৩ ১১:০৬ অপরাহ্ন

পরবর্তী ব্যবস্থা নিন।

৩/১০/২৩ ১১:০৭ অপরাহ্ন মোঃ ছরোয়ার হোসেন খান নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) ভান্ডার বিভাগ	৪/১০/২৩ ১:০৭ অপরাহ্ন বিউটি প্রভা হাওলাদার উপ-বিভাগীয় প্রকৌশলী ভান্ডার বিভাগ	৪/১০/২৩ ১:১০ অপরাহ্ন হাসান আল ফারুক উপ-সহকারী প্রকৌশলী ভান্ডার বিভাগ